

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website : www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিয়োগ পরীক্ষা-২০২১
পদের নাম : ওয়ারেন্স অপারেটর (জেড-১৮)
পরীক্ষার তারিখ ও সময় : ১৯/০২/২০২১, বিকাল : ৩.০০ ঘটিকা

পরীক্ষার্থীদের জন্য নির্দেশনা :

১. পরীক্ষার্থীগণ পরীক্ষা কেন্দ্রে কোন ভাবেই ব্যাগ, বই, ক্যালকুলেটর, মোবাইল ফোন ও ইলেকট্রনিক ঘড়ি অথবা অন্য কোন ইলেকট্রনিক ডিভাইস সংগে আনতে পারবেন না। তবে পরীক্ষার্থীগণকে পরীক্ষার উত্তরপত্র(ওএমআর সীট) পূরণের জন্য কালো কালির বল পয়েন্ট কলম সঙ্গে আনতে হবে।
২. প্রত্যেক পরীক্ষার্থীকে পরীক্ষা শুরু হওয়ার ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে এবং কোন পরীক্ষার্থী প্রবেশপত্র ছাড়া পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না।
৩. কোন পরীক্ষার্থী পরীক্ষা শুরু হওয়ার পর পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না এবং পরীক্ষার নির্ধারিত সময় শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্র ত্যাগ করতে পারবেন না।
৪. প্রশ্নপত্রের একাধিক সেট থাকবে। প্রশ্ন পত্রের সেট অনুযায়ী উত্তরপত্র(ওএমআর সীটে) সেট কোডের ঘর অবশ্যই পূরণ করতে হবে।
৫. প্রত্যেক পরীক্ষার্থী উত্তরপত্র(প্রশ্নসহ) সংশ্লিষ্ট ইনভিজিলেটর এর নিকট জমা দিবেন। কোন পরীক্ষার্থী উত্তরপত্র(প্রশ্নসহ) নিয়ে পরীক্ষা কেন্দ্র ত্যাগ করতে পারবেন না।
৬. চলমান কোভিড-১৯ (করোনা ভাইরাস) এর প্রভাব বিবেচনা করে স্বাস্থ্যবিধি মেনে ও নিরাপদ সামাজিক দূরত্ব বজায় রেখে প্রার্থীদের লিখিত পরীক্ষার অংশগ্রহণ করতে হবে।
৭. মাস্ক পরিধান ব্যতিত কোন পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না।
৮. প্রবেশ পত্র ও হাজিরা সীটে প্রদত্ত ছবির সাথে প্রার্থীর চেহারার মিল আছে কিনা, তা পরীক্ষা কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ ইনভিজিলেটর কর্তৃক যাচাই করার মুহূর্তে প্রার্থীকে অবশ্যই পরিধানকৃত মাস্ক খুলতে হবে।
৯. নিয়োগ/পাবলিক পরীক্ষা সংক্রান্ত অন্যান্য নিয়মাবলি যথাযথভাবে মেনে চলতে হবে।

১৭/০২/২০২১

১৭/০২/২০২১
মোহাম্মদ মাহমুদ
সহকারী পরিচালক (প্রশাসন)

১৭/০২/২০২১
মোহাম্মদ মাহমুদ
উপপরিচালক (প্রশাসন)